

ছাড়ব না ভাই, ছাড়ব না ভাই, এমন শিকার ছাড়ব না ।
হাতের কাছে অম্নি এল, অম্নি যাবে !

অম্নি যেতে দেবে কে রে ।

রাজাটা খেপেছে রে, তার কথা আর মানব না ॥
আজ রাতে ধুম হবে ভারী - নিয়ে আয় কারণ বারি,
জ্বলে দে মশালগুলো, মনের মতন পূজো দেব -
নেচে নেচে ঘুরে ঘুরে - রাজাটা খেপেছে রে,
তার কথা আর মানব না ॥

Parjaay: Balmiki-Pratibha, Taal: Khemta, Raag: Kafi
Visit www.geetabitan.com for notation and other detail